তোমাদের জন্য দু’প্রকারের মৃতজীব ও দু’ধরনের রক্ত হালাল করা হয়েছে। মৃতজীব দু’টি হলো মাছ ও টিড্ডি। আর দু’প্রকারের রক্ত হলো কলিজা ও প্লীহা।

আব্দুল্লাহ ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “তোমাদের
জন্য দু’প্রকারের মৃতজীব ও দু’ধরনের রক্ত হালাল করা হয়েছে। মৃতজীব দু’টি হলো মাছ ও টিড্ডি। আর দু’প্রকারের রক্ত হলো কলিজা ও প্লীহা।”
[সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা কিছু জিনিস ভক্ষণ করা বৈধ হওয়া সম্পর্কে ইসলামী শরী‘আতের ফিকহী হুকুম আমাদেরকে বর্ণনা করেছেন। তন্মধ্যে একটি হলো, মৃত টিড্ডি ও মাছ। আর দ্বিতীয় প্রকার হলো, দু’ধরণের রক্ত। তা হলো কলিজা ও প্লীহা। এ দু’ধরণের জিনিসকে মৃতপ্রাণী ও রক্ত খাওয়া হারামের ব্যাপক হুকুম থেকে পৃথক রাখা হয়েছে। দেখুন, ফাতহু যিল জালালি ওয়াল ইকরাম বিশারহি বুলূগিল মারাম (১/১০৩)।

http://www.sunnah.global/hadeeth/bn/show/8362